## উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪ উপলক্ষে
## অনলাইনে মনোনয়নপত্র গ্রহণ ও দাখিলের সহায়ক নিয়মাবলী

- মনোনয়নপত্র অনলাইনে দাখিলের পূর্বে নিম্নোক্ত ডকুমেন্টসগুলো নিশ্চিত করুন:

| মনোয়নয়নপত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে: |
|---|
| (ক) মনোনয়পত্র (প্রস্তাবকারী, সমর্থনকারী ও প্রার্থী কর্তৃক NID এর অনুরুপ স্বাক্ষরিত হতে হবে)<br>(খ) জামানত বাবদ ব্যাংক ড্রাফট/ ই চালানের মূল কপি ।<br>(গ) ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে নোটারি পাবলিক/ম্যাজিস্ট্রেটের মাধ্যমে হলফনামা (সকল ঘর যথাযথভাবে পূরণ করা থাকতে হবে)<br>(ঘ) হলফনামায় উল্লেখিত সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র।<br>(ঙ) পাসপোর্ট সাইজ রঙিন ছবি- ০৩ (তিন) কপি।<br>(চ) শুধুমাত্র নির্বাচনি ব্যয় পরিচালনার জন্য যে কোন তফসিলি ব্যাংকে একটি নতুন (চলতি হিসাব) খুলতে হবে এবং সেই ব্যাংক হিসাব খোলার প্রমাণপত্র সংযুক্ত করতে হবে। (উল্লেখ্য ফলাফল প্রকাশের পর ব্যাংক বিবরণীসহ হিসাব জমা দিতে হবে)<br>(ছ) সর্বশেষ টিআইএন সনদ ও দাখিলকৃত রির্টানের সত্যায়িত অনুলিপি এবং আয়কর পরিশোধের প্রমাণপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত আয়কর রিটার্ণের রসিদের কপি সংযুক্ত করতে হবে।<br>(জ) নির্বাচনি ব্যয় নির্বাহের অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎস ও ব্যয়ের সম্ভাব্য খাতসমূহের বিবরণী (ফরম-ঢ)<br>(ঝ) প্রস্তাবকারী, সমর্থকারী ও প্রার্থীর NID এর ফটোকপি এবং সংশ্লিষ্ট ভোটার তালিকার সংশ্লিষ্ট পাতার ফটোকপি।<br>(ঞ) ভোটার তালিকার সিডি ক্রয়ের চালানের মূলকপি।<br>(ট) রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে দলের মনোনয়নপত্র।<br>(ঠ) সংযুক্ত নমুনা অনুসারে প্রার্থীর নিজ নাম, পিতা-মাতা এবং বিবাহিত মহিলা প্রার্থীর স্বামীর নাম ইংরেজীতে CAPITAL LETTER এ আলাদা সাদা কাগজে কম্পিউটারে টাইপ করে সংযুক্ত করতে হবে । |

## অনলাইনে মনোনয়ন দাখিলের পদ্ধতি:

- www.ecs.gov.bd/ লিংক ব্যবহার করে নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রবেশ করুন।
- "অনলাইনে মনোনয়নপত্র দাখিল" অপশনে ক্লিক করুন ( https://onss.ecs.gov.bd লিংক ওপেন হবে)
- "রেজিষ্ট্রেশন" অপশনে ক্লিক করুন (রেজিষ্ট্রেশন বক্স হতে নির্বাচনের ধরন, নির্বাচনের নাম, পদ, বিভাগ, জেলা, জন্ম তারিখ, এনআইডি নম্বর, মোবাইল নম্বর, ই মেইল আইডি ইত্যাদি তথ্য দিন) এবং "**রেজিষ্ট্রেশন করুন**" বাটনে ক্লিক দিন (ছবি যাচাই অপশন আসবে)
- প্রার্থীর ছবি তুলুন বাটনে ক্লিক করে ছবি তুলুন
- ছবিতোলা (Facial Recognition) সম্পন্ন হলে যাচাইকরুন অপশনে ক্লিক দিন (যাচাই সম্পন্ন হলে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে ইউজার আইডি ও পাসওয়ার্ড যাবে)
- ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগ ইন করে পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে
- মনোনয়নপত্র দাখিলের লক্ষ্যে সাইটে লগ ইন করে (চেয়ারম্যান পদের জন্য ক, ভাইস চেয়ারম্যান পদের জন্য ক-১, মহিলা ভাইস চেয়ারম্যান পদের জন্য ক-২) "প্রার্থীর মনোনয়নপত্র" বাটনে ক্লিক করতে হবে
- প্রস্তাবকারী ও সমর্থনকারীর তথ্য প্রদান এবং সম্মতি অপশনে ক্লিক দিয়ে "পরবর্তী"বাটনে ক্লিক করতে হবে এবং প্রস্তাবকারীর ছবি যাচাই অপশন হতে যাচাই সম্পন্ন করতে হবে

- অত:পর মনোনয়নপত্রের তৃতীয় অংশে বিস্তারিত তথ্য প্রদান করে পরবর্তী অপশনে ক্লিক দিতে হবে এবং "সংরক্ষণ ও পরবর্তী" বাটনে ক্লিক করতে হবে
- অত:পর প্রার্থীর ব্যক্তিগত তথ্যাদি প্রদান করে হালনাগাদ করুন অপশনে ক্লিক করতে হবে
- অত:পর প্রার্থীর হলফ নামা> প্রার্থী ও প্রার্থীর উপর নির্ভরশীলদের সম্পদ বিবরণী> দায় বিবরণী এন্ট্রি সম্পন্ন করত: প্রয়োজনীয় টিক (✓) ক্লিক দিয়ে "সংরক্ষণ ও পরবর্তী" বাটনে ক্লিক করতে হবে
- অত:পর নির্বাচনী ব্যয় নির্বাহের তথ্যাদি প্রদান করে সংরক্ষণ বাটনে ক্লিক করতে হবে
- অত:পর প্রার্থীর বিস্তারিত সম্পদ, বাৎসরিক আয়-ব্যয় এন্ট্রি সম্পন্ন করতে হবে
- অত:পর "**প্রার্থীর ফাইল সংযুক্তকরণ**" অপশন হতে (ক) প্রার্থীর ছবি (খ) হলফনামা (গ) দলীয় মনোনয়ন (ঘ) আয়কর রিটার্ণ রশিদ (ঙ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র (চ) ইউটিলিটি বিল (ছ) সিডি ক্রয় রশিদ (জ) অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্টস আপলোড করে "সংরক্ষণ ও পরবর্তী" বাটনে ক্লিক করতে হবে
- নমিনেশন পেপার ডাউনলোড করে প্রয়োজনীয় স্বাক্ষর সম্পন্ন করে অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্টস অপশনে আপলোড করতে হবে
- অত:পর প্রার্থীর জামানত সংক্রান্ত তথ্যাদি পূরণ করে "সংরক্ষণ ও পরবর্তী" বাটনে ক্লিক করতে হবে
- অত:পর সকল তথ্যাদি ভালোভাবে দেখে "**চূড়ান্ত দাখিল**" বাটনে ক্লিক দিয়ে মনোনয়নপত্র জমা দিতে হবে।
- অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রের হার্ডকপি ও প্রয়োজনীয় সকল ডকুমেন্টস সহ মনোনয়ন বাছাইয়ের দিনে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে।

<table>
<tr><td>০১।</td><td colspan="2">মনোনয়নপত্র অনলাইনে দাখিলের পূর্বে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিস হতে ছবি ছাড়া ভোটার তালিকার সিডি ক্রয়ের মূল্য বাবদ (পৌর এলাকার ক্ষেত্রে ওয়ার্ড ভিত্তিক এবং পল্লী এলাকার ক্ষেত্রে ইউনিয়ন ভিত্তিক) ৫০০/- টাকা হারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে (অফেরত যোগ্য)। ট্রেজারী চালানের কোড নং: ১০৬০১০১-১০০১২৫-১৪২৩২৫৩<br><br>১। পরশুরাম উপজেলা ছবি ছাড়া ভোটার তালিকার সিডি ক্রয়ের মূল্য: ৬০০০ (ছয় হাজার) টাকা।<br>২। ফুলগাজী উপজেলা ছবি ছাড়া ভোটার তালিকার সিডি ক্রয়ের মূল্য: ৩০০০ (তিন হাজার) টাকা।</td></tr>
<tr><td>০২।</td><td>(ক) চেয়ারম্যান পদের নির্বাচনি জামানত</td><td>১,০০,০০০ (একলক্ষ) টাকা</td></tr>
<tr><td></td><td>(খ) ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনি জামানত</td><td>৭৫,০০০ (পঁচাত্তর হাজার) টাকা</td></tr>
<tr><td>০৩।</td><td colspan="2">নির্বাচনি জামানত বাবদ ১০৯০৩০২১০১৪৪৩-৮১১৩৫০১ কোড নম্বরে ই চালানের মাধ্যমে টাকা জমাদান করে ই চালানের মূলকপি মনোনয়নপত্রের সহিত সংযুক্ত করতে হবে।</td></tr>
</table>

**বি.দ্র: ১। মনোনয়নপত্রসহ সকল কাগজপত্রের মূলকপি ও একসেট ফটোকপি মনোনয়নপত্র বাছাইয়ের নির্ধারিত দিনে রিটার্নিং অফিসারের নিকট দাখিলকরতে হবে।**

**২। কোন ব্যক্তি একই নির্বাচনি এলাকার জন্য একাধিক পদে মনোনয়নপত্র দাখিল করিতে পারিবেন না।**

**প্রার্থীর তথ্য:**

| বিবরণ | বাংলায় | ইংরেজীতে | জন্ম তারিখ | এনআইডি নম্বর | টিন নম্বর | প্রার্থীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| প্রার্থীর নাম | | | | | | |
| পিতার নাম | | | | | | |
| মাতার নাম | | | | | | |
| স্বামীর নাম (বিবাহিত মহিলার জন্য) | | | | | | |